

স্নাতক (সাম্মানিক) পরীক্ষা ২০১৪

সাম্মানিক বাংলা

সেমিস্টার : ৩ : কোর্স : ১ (H-5)

সময় : ৩ ঘণ্টা

পূর্ণমান : ৪০

প্রশ্নের মান দক্ষিণ প্রান্তে উল্লিখিত

১০ সংখ্যক প্রশ্নের উত্তর আবশ্যিক এবং প্রতিটি একক থেকে একটি করে প্রশ্নের উত্তর দাও

একক - ১

- ১। লোকায়ত জীবন মুকুন্দ চক্রবর্তীর 'চণ্ডীমঙ্গল' কাব্যের আখ্যেটিক খণ্ডে কীভাবে প্রতিফলিত হয়েছে, তা দৃষ্টান্তসহ আলোচনা করো। ১০
- ২। 'চণ্ডীমঙ্গল' কাব্যের আখ্যেটিক খণ্ডে ভাষা, ছন্দ ও অলঙ্কার ব্যবহারে কবির কৃতিত্ব বিচার করো। ১০
- ৩। 'ধনের পাইআ আশ জাইতে বীরের পাশ/ধায় বান্যা খড়কির পথে'— উদ্ধৃতাংশে উল্লিখিত 'বান্যা'র চরিত্রের পরিচয় দাও এবং প্রসঙ্গত বান্যার স্ত্রীর চরিত্র-বৈশিষ্ট্য বিচার করো। বান্যার চরিত্রটি 'টাইপ' চরিত্রের অন্তর্ভুক্ত করা যায় কি? কারণসহ লেখো। ৫+৩+২=১০

একক - ২

- ৪। গীতিকার সংজ্ঞা ও বৈশিষ্ট্য উল্লেখ করো। পাঠ্য গীতিকায় এই বৈশিষ্ট্য কতখানি প্রতিফলিত হয়েছে, তা আলোচনা করো। ১০
- ৫। 'চন্দ্রাবতী' পালায় পত্রের ব্যবহার সম্বন্ধে একটি নিবন্ধ রচনা করো। ১০
- ৬। 'ময়মনসিংহ গীতিকা'র পাঠ্য যে-কোনো একটি পালার কাব্যসৌন্দর্য বিশ্লেষণ করো। ১০

একক - ৩

- ৭। 'গীতের যে উদ্দেশ্য, যে কাব্যের সেই উদ্দেশ্য, তাহাই গীতিকাব্য'— বঙ্কিমচন্দ্রের এই উক্তির নিরিখে শাক্ত পদাবলীকে গীতিকবিতা বলা যায় কিনা আলোচনা করো। ১০
- ৮। শাক্ত পদাবলীর বিভিন্ন পর্যায়ে পদকর্তা হিসেবে কমলাকান্ত ভট্টাচার্যের বিশিষ্টতা বিচার করো। ১০
- ৯। 'মনোদীক্ষা' বলতে কী বোঝায়? এই পর্যায়ের পদগুলির বৈশিষ্ট্য আলোচনা করো। ১০

১০। টীকা লেখো (যে-কোনো দুটি) :

২×৫=১০

- (ক) গ্রন্থোৎপত্তির কারণ  
(খ) ফুল্লরার বারোমাস্যা  
(গ) হুমরা বেদে  
(ঘ) শাক্ত পদাবলীতে নবমী নিশি  
(ঙ) দশমহাবিদ্যা  
(চ) মহয়া পালায় নিসর্গ প্রকৃতি